পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

১৮২/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০১/৬১৪৮

তারিখ ঃ ১৩ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ

**আঞ্চলিক পরিচালক**
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

**বিষয় ঃ বাউবি'র বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৫ এর পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি গঠন প্রসঙ্গে।**

জনাব
উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি'র বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৫ আগামী ২১/০৮/২০২৬ খ্রিঃ তারিখ থেকে শুরু হতে যাচ্ছে। পরীক্ষার সময়সূচি ও কেন্দ্র তালিকা ইতোমধ্যে আপনার বরাবর প্রেরণ করা হয়েছে।

বাউবি'র একাডেমিক কাউন্সিলের **৫৬তম সভার সুপারিশ এবং বোর্ড অব গভর্নরস্ এর ১৪৭তম সভায় অনুমোদিত "বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিএ এবং বিএসএস পরীক্ষা পরিচালনা, পরীক্ষা কেন্দ্র নির্বাচন এবং পরীক্ষা পরিদর্শন সংক্রান্ত নীতিমালা"** অনুযায়ী সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার যাবতীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল পরীক্ষা কেন্দ্রের জন্য **"বিএ এবং বিএসএস পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি-২০২৫"** গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

২। **বাউবি'র বিএ এবং বিএসএস পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি ও তার দায়িত্ব :**

ক) জেলা প্রশাসক সংশ্লিষ্ট জেলার সকল পরীক্ষা কেন্দ্রের **সুপারভাইজিং কর্মকর্তা** হিসেবে দায়িত্ব পালন করবেন ;

খ) সাধারণত যে প্রতিষ্ঠানে পরীক্ষা কেন্দ্র অবস্থিত সে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/স্টাডি সেন্টারের সমন্বয়কারী পদাধিকারবলে **ভারপ্রাপ্ত কর্মকর্তা** হিসেবে দায়িত্ব পালন করবেন ;

গ) "বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৫ এর পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি" গঠন নিম্নরূপ :

| | | | |
|---|---|---|---|
| (i) | **সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/সমন্বয়কারী** | ১ জন | **ভারপ্রাপ্ত কর্মকর্তা** |
| (ii) | **ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক মনোনীত সিনিয়র টিউটর** | ২ জন | সদস্য |
| (iii) | **জেলা পর্যায়ের পরীক্ষা কেন্দ্রের ক্ষেত্রে জেলা প্রশাসক এর প্রতিনিধি (সহকারী কমিশনার পদমর্যাদার নিচে নয়) এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা বা তাঁর মনোনীত প্রতিনিধি (সহকারী কমিশনার পদমর্যাদার নিচে নয়)** | ১ জন | সদস্য |
| (iv) | **বাউবি'র আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পরীক্ষা কেন্দ্রসমূহের জন্য আঞ্চলিক পরিচালক বা তাঁর মনোনীত প্রতিনিধি হিসেবে যুগ্ম-আঞ্চলিক পরিচালক/যুগ্ম-পরিচালক/সমমান, উপ-আঞ্চলিক পরিচালক/উপ-পরিচালক/সমমান, সহকারী আঞ্চলিক পরিচালক/সহকারী পরিচালক/সমমান এবং উপ-আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পরীক্ষা কেন্দ্রসমূহের জন্য উপ-আঞ্চলিক কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা** | ১ জন | সদস্য |
| | মোট= | ৫ জন | |

ঘ) কোন প্রতিষ্ঠানের অধ্যক্ষ যদি বিএ এবং বিএসএস প্রোগ্রামের সমন্বয়কারী না হয়েও পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটির ভারপ্রাপ্ত কর্মকর্তা হতে চান সেক্ষেত্রে সমন্বয়কারীকে টিউটর ক্যাটাগরীর ০২ জন সদস্যের ০১ জন হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত করা যাবে ;

ঙ) পরীক্ষা আরম্ভ হওয়ার কমপক্ষে ১০ (দশ) দিন পূর্বে ভারপ্রাপ্ত কর্মকর্তা পরীক্ষা পরিচালনা কমিটির সভা আহবান করবেন এবং পরীক্ষা পরিচালনা সম্পর্কে পরীক্ষা নিয়ন্ত্রককে লিখিতভাবে অবহিত করবেন;

চ) পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি সংশ্লিষ্ট কেন্দ্রে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩। **পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি গঠন এবং পরীক্ষা সংক্রান্ত দাপ্তরিক কার্যাদি সম্পাদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলো অনুসরণীয় :**

(ক) আঞ্চলিক কেন্দ্রে কর্মরত আঞ্চলিক পরিচালক, যুগ্ম-আঞ্চলিক পরিচালক/যুগ্ম-পরিচালক/সমমান, উপ-আঞ্চলিক পরিচালক/উপ-পরিচালক/সমমান, সহকারী আঞ্চলিক পরিচালক /সহকারী পরিচালক/সমমান পরীক্ষা কমিটিতে ৩: ২: ১ হারে প্রতিনিধিত্ব করবেন।

(খ) টিউটর নয় এমন শিক্ষক পরীক্ষা কমিটিতে থাকতে পারবেন না ;

(গ) পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি গঠনের ক্ষেত্রে প্রতিবার একই শিক্ষককে কমিটিতে অন্তর্ভুক্ত না করে পর্যায়ক্রমে সৎ, নিষ্ঠাবান ও দায়িত্বশীল টিউটরদের সদস্য হিসেবে কমিটিতে রাখতে হবে;

(ঘ) পরীক্ষার দিন সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষককে কক্ষ পরিদর্শকের দায়িত্ব প্রদান করা যাবে না ;

(ঙ) **কোন পরীক্ষার্থী নকল, মোবাইল ফোন, ব্যাগ ইত্যাদি নিয়ে যেন পরীক্ষা হলে ঢুকতে না পারে পরীক্ষা কেন্দ্র কর্তৃপক্ষকে তা নিশ্চিত করতে হবে;**

(চ) প্রশাসনের সাথে যোগাযোগ করে প্রতি পরীক্ষার দিনে অন্তত: ১ জন ম্যাজিস্ট্রেট এর উপস্থিতির বিষয়টি সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকগণ নিশ্চিত করবেন এবং তাঁদের সম্মানী প্রদানের বিষয়টিও দ্রুততার সাথে সম্পন্ন করবেন;

(ছ) পরীক্ষার কাজে ৩য় ও ৪র্থ শ্রেণীর একই কর্মচারীকে প্রতি বছর সম্পৃক্ত করা যাবে না।

৪। এছাড়াও **বিএ এবং বিএসএস পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায়** উল্লিখিত ক) পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি ও তাঁর দায়িত্ব, খ) ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য, গ) পরীক্ষা কক্ষের ব্যবস্থাপনা, ঘ) ইনভিজিলেটর বা কক্ষ পরিদর্শকের দায়িত্ব ও কর্তব্য, ঙ) পরীক্ষা কেন্দ্রে বিশেষ পরিদর্শক নিয়োগ এবং তাদের দায়িত্ব ও কর্তব্য, চ) পরীক্ষা কেন্দ্রে বহি:পরিদর্শক নিয়োগ এবং তাদের দায়িত্ব ও কর্তব্য, ছ) পরীক্ষা কেন্দ্রের আইন শৃংখলা ও নিরাপত্তা জ) পরীক্ষা সংক্রান্ত অপরাধ ও শাস্তিমূলক ব্যবস্থা, ঝ) কারাবন্দি শিক্ষার্থীর পরীক্ষা গ্রহণ ঞ) শ্রুতি লেখক নিয়োগ, ট) সেভেন্থ-ডে এ্যাডভেন্টিস্ট খ্রীষ্টীয়ান সম্প্রদায়ের পরীক্ষা গ্রহণ এবং ঠ) পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট উত্তরপত্র ও অন্যান্য কাগজপত্র প্রেরণসহ সংশ্লিষ্ট বিষয়ে সম্পৃক্ত ব্যক্তি ও প্রতিষ্ঠান/পরীক্ষা কেন্দ্রকে অবহিতকরণসহ তা যথাযথভাবে পালনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

৫। উল্লিখিত শর্তগুলোর কোন ধরণের ব্যত্যয় ছাড়া আপনার **আঞ্চলিক কেন্দ্রাধীন সকল পরীক্ষা কেন্দ্রের জন্য গঠিত কেন্দ্র পরিচালনা কমিটির তালিকা একত্রিত করে পরীক্ষা আরম্ভ হওয়ার ০৭ (সাত) দিন পূর্বে** নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদসহ।

২৮/৭/২০২৬

**মোঃ হাবিবুল্যাহ মাহামুদ**
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং ২৯৮০
তারিখ ৩০/৭/২৬
/ASANA
/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME
প্রোগ্রামার/AHME

**অনুলিপি : অবগতি ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. জেলা প্রশাসক (সকল)।
২. ডিন, এসএসএইচএল, বাউবি।
৩. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৪. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (**পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল**)।
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা।
৬. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাউবি'র বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৫, পরীক্ষা কেন্দ্র (সকল), বাউবি।
৭. যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
৮. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সংরক্ষণ নথি।

BA/BSS Letter-2026